

শিক্ষাবর্ষ

তারিখ: ২৬-১১-২০০২
পৃষ্ঠা: ৬
জ্ঞান: ০.....

NOV. 30 2002



রেজিস্ট্রারের কার্যালয় ইসলামী বিশ্ববিদ্যালয় কুষ্টিয়া

স্মারক নং-২/শিকা/ইবি-২০০২/৭০০

তারিখ: ২৬-১১-২০০২ ইং

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ ২০০২-২০০৩

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে নিম্নবর্ণিত ইউনিটসমূহে ২০০২-২০০৩ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছ ছাত্র-ছাত্রীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। নিম্নলিখিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করা যাবে।

'ক' ইউনিটভুক্ত বিভাগসমূহ: (১) আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ, (২) দাওয়াহ এন্ড ইসলামিক টাডিজ, (৩) আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ, (৪) আরবী ভাষা ও সাহিত্য। 'খ' ইউনিটভুক্ত বিভাগসমূহ: (১) অর্থনীতি, (২) রাষ্ট্রনীতি ও শোক প্রশাসন, (৩) বাংলা, (৪) ইংরেজী (৫) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (৬) আইন ও মুসলিম বিধান। 'গ' ইউনিটভুক্ত বিভাগসমূহ: (১) ইলেক্ট্রনিক্স ও ফলিত পদার্থ বিজ্ঞান, (২) কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি, (৩) ফলিত রসায়ন ও রাসায়নিক প্রযুক্তি, (৪) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজী, (৫) ফলিত পুষ্টি ও খাদ্য বিজ্ঞান, (৬) বায়োটেকনোলজী। 'ঘ' ইউনিটভুক্ত বিভাগসমূহ: (১) হিসাব বিজ্ঞান, (২) ব্যবস্থাপনা।

২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা:

২০০১ ও ২০০২ সালের উচ্চ মাধ্যমিক/সমমানের (আলিম, ডিপ্লোমা-ইন-কমার্স ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, 'ও' লেভেল এবং 'এ' লেভেল উভয় পরীক্ষায় CGPA-2.5 পেয়েছে) এবং ২০০২ সনের ফাজিল পরীক্ষায় যেসব ছাত্র-ছাত্রী উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারা উপরোক্ত ইউনিটসমূহে ভর্তির জন্য আবেদন করতে পারবে। মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান ও ফাজিল যে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ থাকলে ভর্তির জন্য আবেদন করতে পারবে না।

৩। আবেদনপত্র সংগ্রহ ও জমা দেয়ার নিয়মাবলী:

(ক) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণচ্ছ ছাত্র-ছাত্রীগণ ভর্তির প্রাথমিক আবেদনপত্র ও ভর্তির নির্দেশিকা ২১ ডিসেম্বর ২০০২ থেকে ২২ জানুয়ারী ২০০৩ পর্যন্ত অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা, অগ্রণী ব্যাংক, খানাপাড়া শাখা, কুষ্টিয়া এবং অগ্রণী ব্যাংক, খিনাইদহ শাখায় নির্ধারিত রসিদের মাধ্যমে প্রতি ইউনিটের প্রতিটি ফরমের জন্য ৩০০/- (তিন শত) টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট ব্যাংক থেকে সংগ্রহ করতে পারবে এবং ২১ ডিসেম্বর ২০০২ থেকে ২৩ জানুয়ারী ২০০৩ তারিখের মধ্যে ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ের (সকাল ৮ থেকে দুপুর ২টা) মধ্যে সংশ্লিষ্ট ইউনিট অফিসে অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য যে, ৩ জানুয়ারী ২০০৩ থেকে ১১ জানুয়ারী ২০০৩ পর্যন্ত শীতকালীন ছুটি উপলক্ষে বিশ্ববিদ্যালয় বন্ধ থাকবে।

একাধিক ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের প্রত্যেক ইউনিটের জন্য পৃথকভাবে আবেদনপত্র সংগ্রহ ও জমা দিতে হবে। প্রাথমিক আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিটে জমা দেওয়ার সময় সদ্যতোলা পাসপোর্ট আকারের দু'কপি সত্যায়িত ছবি এবং মাধ্যমিক/সমমান ও উচ্চ মাধ্যমিক/সমমান ও ফাজিল (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা পাসের নথরপত্র ও সনদপত্র/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার সময় সংশ্লিষ্ট ইউনিটের অফিস থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

(খ) ক ও খ ইউনিটের ভর্তি পরীক্ষা ২৭ জানুয়ারী ২০০৩ এবং গ ও ঘ ইউনিটের ভর্তি পরীক্ষা ২৮ জানুয়ারী ২০০৩ অনুষ্ঠিত হবে। ভর্তি সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলী ভর্তির নির্দেশিকা থেকে জানা যাবে।

ডঃ মোঃ মসলেম উদ্দিন
রেজিস্ট্রার
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া।